



প্রবাসী দুই বাংলাদেশির মৃত্যুদণ্ড নিয়ে সৌদি রাষ্ট্রদূতকে তলব



ছবি: সংগৃহীত

সৌদি আরবে দুই বাংলাদেশি প্রবাসীর মৃত্যুদণ্ড কার্যকরের ঘটনায় দেশটির রাষ্ট্রদূতকে তলব করেছে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়। রোববার (১৮ অক্টোবর) তাঁকে মন্ত্রণালয়ে ডেকে মৃত্যুদণ্ড কার্যকরের কারণ ও এ-সংক্রান্ত বিস্তারিত তথ্য জানতে চাওয়া হয়।

এর আগে শনিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রতিমন্ত্রী শামা ওবায়দ ইসলাম জানান, দুই বাংলাদেশির মৃত্যুদণ্ডের বিষয়ে সৌদি সরকারের কাছ থেকে আনুষ্ঠানিক কোনো তথ্য পায়নি বাংলাদেশ। এ বিষয়ে বিস্তারিত জানতে সৌদি আরবকে চিঠি দেওয়া হয়েছে। ঘটনাটিকে বাংলাদেশের জন্য ‘বড় শিক্ষা’ বলেও মন্তব্য করেন তিনি।

প্রতিমন্ত্রী বলেন, সৌদি আরবে বাংলাদেশ মিশনের শ্রম উইং থেকে পাওয়া তথ্য অনুযায়ী, মক্কা নগরীর একটি মসজিদের ভেতরে ‘ব্যভিচারে’ লিগু থাকার অভিযোগে ওই দুই বাংলাদেশির বিরুদ্ধে সৌদি আইনে ব্যবস্থা নেওয়া হয়েছে। তবে এ বিষয়ে বাংলাদেশ সরকার আনুষ্ঠানিকভাবে কিছু জানেনি। চিঠির জবাব পাওয়ার পর মৃত্যুদণ্ড কার্যকর হওয়া দুজনের মরদেহ দেশে ফিরিয়ে আনার বিষয়ে পরবর্তী পদক্ষেপ নেওয়া সম্ভব হবে বলে জানান তিনি।

সৌদি প্রেস এজেন্সি (এসপিএ) গত বুধবার দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বরাতে দুই বাংলাদেশির মৃত্যুদণ্ড কার্যকরের তথ্য জানায়। তাঁরা হলেন নজরুল ইসলাম ও সুইটি আখতার।